

প্রথম আন্দোলন বাংলাদেশ

পরীক্ষা সত্ত্বেও কাল থেকে ৭২ ঘণ্টার হরতাল ২০ দলের

নিজস্ব প্রতিবেদক|আপডেট: ০২:৫২, জানুয়ারি ৩১, ২০১৫

অবরোধের মধ্যেই কাল রোববার সকাল ছয়টা থেকে বুধবার সকাল ছয়টা পর্যন্ত সারা দেশে ৭২ ঘণ্টার হরতাল ডেকেছে বিএনপির নেতৃত্বাধীন ২০-দলীয় জোট।

এর মধ্যে সোমবার থেকে শুরু হওয়ার কথা মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) ও সমমানের পরীক্ষা।

এ অবস্থায় গতকাল শুক্রবার সন্ধ্যায় এক বিবৃতিতে বিএনপির যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভী জোটের পক্ষ থেকে ৭২ ঘণ্টার এ হরতালের ঘোষণা দেন। ফলে প্রথম দিনের পরীক্ষাই অনিশ্চিত হয়ে পড়ল। এতে

এসএসসি ও সমমানের ১৪ লাখের বেশি পরীক্ষার্থী ও তাদের অভিভাবকেরা চরম উদ্বেগের মধ্যে পড়েছেন।

যদিও শিক্ষা মন্ত্রণালয়ের সিদ্ধান্ত হচ্ছে, অবরোধ কর্মসূচি থাকলেও পরীক্ষা গ্রহণ চলবে। আর হরতাল দেওয়া

হলে সেদিনের পরীক্ষা পেছানো হবে। এসএসসি পরীক্ষার সময় অবরোধ বা হরতালের কর্মসূচি না দিতে

শিক্ষামন্ত্রীসহ একাধিক মন্ত্রী ও বিভিন্ন মহল ২০ দলের প্রতি আহ্বান জানিয়েছিলেন।

রুহুল কবির রিজভী গতকালের বিবৃতিতে এ বিষয়ে বলেন, ‘চলমান অবরোধ দেশে শান্তির জন্য, নিরাপত্তার

জন্য, মানুষকে তার প্রাপ্য সম্মান ফিরিয়ে দেওয়ার জন্য। তিনি বিভিন্ন পাবলিক পরীক্ষায় অস্বাভাবিক ফল,

পাসের হার বেশি দেখানোর জন্য শিক্ষার্থীদের পড়াশোনা ও প্রতিযোগিতার মূল কাজ থেকে দূরে সরিয়ে দিয়ে

শিক্ষাব্যবস্থাকে ধ্বংস করে জাতিকে পঙ্গু করার জন্য সরকারকে দায়ী করেন।

রিজভী শিফামন্ত্রীকে উদ্দেশ করে বলেন, শতকরা ৫ ভাগ ভোট নিয়ে আওয়ামী মহাজোট অবৈধভাবে ক্ষমতা দখল করে জনগণের দুর্ভাগ্যের কারণ হয়ে আছে। ১৬ কোটি মানুষের ভাগ্যের কথা ভেবে ভোটারবিহীন সরকার পদত্যাগ করলেই দেশে শান্তি ও স্থিতিশীলতা ফিরে আসবে।

৬ জানুয়ারি থেকে ২০-দলীয় জোটের টানা অবরোধ কর্মসূচি চলছে। নতুন সংসদ নির্বাচনের জন্য সংলাপ-সমঝোতার দাবিতে চলমান ২৫ দিনের অবরোধের মধ্যে চার দফায় হরতালও দেওয়া হয়েছে।